সংবাদ।



তারিখ ১৮/৩/৮১
পৃষ্ঠা ... কলাম ...

# পূর্ণাঙ্গ অধিবেশনে পাঠ্যবই সমস্যার উপর আলোচনা

মুসলিম শিক্ষা সংক্রান্ত তৃতীয় বিশ্বসম্মেলনের প্রথম পূর্ণাঙ্গ অধিবেশনে গতকাল পবিত্র কোরান ও সুন্নাহর ভিত্তিতে পাঠ্যবই প্রণয়নের নীতিমালা উদ্ভাবনের সমস্যাবলী নিয়ে আলোচনা হয়েছে। খবর এনার।

অধিবেশনে সভাপতিত্ব করেন ফলো-আপ কমিটির

(শেষ পৃঃ ৪-এর ৪ক দুঃ)

# পাঠ্যবই সমস্যার উপর আলোচনা

(প্রথম পাতার পর)

চেয়ারম্যান শেখ আহমদ সালাহ জামজুম। অধিবেশনে মূল ভাষণ দানকালে মক্কার বিশ্ব ইসলামী শিক্ষা কেন্দ্রের পরিচালক অধ্যাপক সৈয়দ আলী আশরাফ পাঠ্যবই প্রণেতারা উপযুক্ত নির্দেশিকা যাতে পায় সেজন্য বই রচনা শুরুর আগেই তাদেরকে ধারণা প্রদানের উপর জোর দেন। এ ব্যাপারে তিনি বেশ কয়েকটি দীর্ঘ ও স্বল্পমেয়াদী প্রকল্পের সুপারিশ করেন।

ইসলামী সম্মেলন সংস্থার সহকারী মহাসচিব মিঃ বেকারি স্রেম তাঁর ভাষণে স্কুল ইনষ্টিটিউট ও বিশ্ববিদ্যালয় এই তিনটি স্তরে পাঠবই প্রণয়নের ব্যাপারে সংস্থার গভীর আগ্রহের কথা উল্লেখ করেন।

অধ্যাপক আশরাফের মূল নিবন্ধের উপর বিভিন্ন মন্তব্য করেন বাংলাদেশের ডঃ শমসের আলী। পরে অধ্যাপক আশরাফ শ্রোতাদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

আলোচনায় অন্যান্য যারা অংশ নেন তারা হলেন পাকিস্তানের ডঃ আহমেদ মহিউদ্দিন বাংলাদেশের অধ্যাপক শামসুদ্দিন, ইউনেস্কোর ডঃ আবদুল লতিফ; সুদানের ডঃ তাহা হোসেন; ডঃ আবদুল বারী ও অধ্যাপক সিরাজুল হক।